বরিশাল বোর্ড-২০১৪

বাংলা দ্বিতীয় পত্র

বিষয় কোড: ১ ০ ২

রচনামূলক প্রশ্ন

মান—৩০

[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]

১. **(ক) সারাংশ লেখ:** ৫

একজন মানুষ ভালো কি মন্দ আমরা তা বুঝতে পারি তার ব্যবহার দিয়ে। সে ভদ্র কি অভদ্র তাও বুঝতে পারি তার ব্যবহার দিয়ে। ব্যবহার ভালো হলে লোকে তাকে ভালো বলে। তাকে পছন্দ করে। ব্যবহার খারাপ হলে লোকে তাকে খারাপ বলে। তাকে অপছন্দ করে। তার সঙ্গে মিশতে চায় না। তার সঙ্গে কাজ করতে চায় না। তাকে কাছে ডাকতে চায় না। তোমার ব্যবহার দিয়েই তোমার মনুষ্যত্বের পরিচয়।

(খ) সারমর্ম লেখ:

হে সূর্য! শীতের সূর্য!
হিমশীতল সুদীর্ঘ রাত তোমার প্রতীক্ষায়
আমরা থাকি
যেমন প্রতীক্ষা করে থাকে কৃষকের চঞ্চল চোখ
ধান কাটার রোমাঞ্চকর দিনগুলির জন্যে।
হে সূর্য, তুমি তো জানো,
আমাদের গরম কাপড়ের কত অভাব।
সারারাত খড়কুটো জ্বালিয়ে
কত কষ্টে আমরা শীত আটকাই।
সকালের এক টুকরো রোদ্দুর—
এক টুকরো সোনার চেয়েও মনে হয় দামি।

২. **যেকোনো একটির ভাব-সম্প্রসারণ কর:** ৫

(ক) জ্ঞানহীন মানুষ পশুর সমান।

(খ) এ জগতে, হায়, সেই বেশি চায় আছে যার ভুরি ভুরি
রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি।

৩. **(ক) অনুচ্ছেদ লেখ: 'সততা'** ৫

অথবা, **(খ) নিচের অনুচ্ছেদটি পড় এবং অনুধাবন করে প্রশ্নগুলোর উত্তর দাও:**

সুন্দরকে জানার যে জ্ঞান তার নাম 'নন্দনতত্ত্ব'। নন্দনতত্ত্ব মানে সুন্দরকে বিশ্লেষণ করা, সুন্দরকে আরও গভীরভাবে উপলব্ধি করা। সব সুন্দরের সৃষ্টির মধ্যেই একটা রূপ আছে, তার নাম স্বাধীনতা— অপর নাম যা খুশি তাই করা। যে কাজ সকলকে আনন্দ দেয়, খুশি করে তাই সুন্দর। স্বার্থপর বা অসজ্ঞাত আমির খুশি নয়, অনেকের মনে খুশির বিস্তার করা আমি। অন্ধকার ঘর আলোকিত করার জন্য নিয়ম মেনে প্রদীপ জ্বালাতে হয়, ঘরে অসজ্ঞাত আগুন লাগিয়ে ঘর আলোকিত করা নয়।

(i) আগুন শব্দের দুটি সমার্থক শব্দ লেখ। ১

(ii) সুন্দর-এর বিপরীত শব্দ লেখ। ১

(iii) অন্ধকার ঘরে কীভাবে আগুন জ্বালাতে হবে? ১

(iv) অনুচ্ছেদে 'স্বাধীনতা' কী অর্থে ব্যবহৃত হয়েছে? ২

৪. (ক) মনে কর, তোমার নাম আনু, তোমার বন্ধুর নাম মিতা। সে সিলেটে থাকে। বৃক্ষরোপণের প্রয়োজনীয়তা উল্লেখ করে তার কাছে একটি পত্র লেখ। ৫

অথবা, (খ) মনে কর, তুমি সামি। তুমি এম আর বি, উচ্চ বিদ্যালয়ের ৮ম শ্রেণির শিক্ষার্থী। তোমার বিদ্যালয়ে একটি বিজ্ঞান ক্লাব গঠনের অনুমতি চেয়ে প্রধান শিক্ষকের নিকট একখানা আবেদনপত্র রচনা কর।

৬. **যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর:** ১০

(ক) **অধ্যবসায় :** [সংকেত: সূচনা, অধ্যবসায় কী, অধ্যবসায়ের প্রয়োজনীয়তা, ছাত্রজীবনে অধ্যবসায়, অধ্যবসায় ও প্রতিভা, অধ্যবসায়ের উদাহরণ, উপসংহার]

(খ) **বাংলাদেশের কৃষক:** [সংকেত : সূচনা, কৃষকের অতীত ইতিহাস, কৃষকের বর্তমান অবস্থা, কৃষকের উন্নয়ন, উপসংহার]

(গ) **মুক্তিযুদ্ধ জাদুঘর:** [সংকেত : সূচনা, জাদুঘরের প্রতিষ্ঠা, জাদুঘরের অবকাঠামো, জাদুঘরের কার্যক্রম, উপসংহার]

বরিশাল বোর্ড-২০১৪

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বাংলা দ্বিতীয় পত্র: বহুনির্বাচনি অভীক্ষা বিষয় কোড: ১ ০ ১

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (√) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. গঠন অনুসারে বাক্য কত প্রকার?
ক দুই খ তিন
গ চার ঘ পাঁচ

২. নিচের কোন বানানটি সঠিক?
ক দুর্নীতি খ মুমূর্ষু
গ সুষমা ঘ কিশোরি

৩. 'শৈবাল' শব্দর বহুবচন কোনটি?
ক শৈবাল গুচ্ছ খ শৈবাল মালা
গ শৈবাল দাম ঘ শৈবাল পুঞ্জ

৪. অভিধানের অপর নাম কী?
ক শব্দকোষ খ জ্ঞানকোষ
গ বিশ্বকোষ ঘ অর্থকোষ

৫. 'এ' ধ্বনির বিকৃত উচ্চারণ রয়েছে কোন শব্দে?
ক মেষ খ বেগুন
গ মেয়ে ঘ বেলা

৬. 'অপূর্ণ' অর্থে 'কাঁচা ' শব্দের ব্যবহার কোনটি?
ক কাঁচা আয় খ কাঁচা ঘুম
গ কাঁচা কাঠ ঘ কাঁচা বয়স

৭. 'অটবি' শব্দের সমার্থক কোনটি?
ক পর্বত খ সাগর
গ বন ঘ বিজলি

৮. 'উজানের কই'— বাগধারাটির অর্থ কী?
ক দলভুক্ত খ সহজলভ্য
গ দলপতি ঘ শক্তপ্রাণ

৯. 'মস্যাধা'র-এর সন্ধি-বিচ্ছেদ কোনটি?
ক মসি + আধার খ মসা + আধার
গ মসী + আধার ঘ মসা + আধার

১০. কোনগুলো কণ্ঠ বা জিহ্বামূলীয় বর্ণ?
ক অ, আ খ ই, ঈ
গ উ, ঊ ঘ ক্ষ, ট

১১. চলিত ভাষারীতির বৈশিষ্ট্য কোনটি?
ক সর্বনাম ও ক্রিয়াপদের পূর্ণরূপ
খ সর্বনাম ও ক্রিয়াপদের সংক্ষিপ্ত রূপ
গ ব্যাকরণের নিয়ম অনুসারী
ঘ পদবিন্যাসরীতি সুনির্দিষ্ট

১২. নিত্য পুরুষবাচক শব্দ কোনটি?
ক অকৃতদার খ মানুষ
গ বাঙালি ঘ সন্তান

১৩. কোনটি সংস্কৃত ধাতুর উদাহরণ?
ক বিগড় খ হাস্
গ আক্ ঘ দৃশ

১৪. কোনটি মানুষের ধ্বনির অনুকার?
ক ঘেউ ঘেউ খ পর পর
গ মড় মড় ঘ ভেউ ভেউ

১৫. প্রত্যয়যোগে সাধিত শব্দ কোনটি?
ক আমর খ নিলাজ
গ ভাবুক ঘ পন্থতি

১৬. 'নিরীহ' শব্দের বিপরীত কোনটি?
ক নাচাল খ আশার
গ অভদ ঘ দুর্দান্ত

১৭. বাক্যে উপধারচিহ্নের আগে কোন বিরামচিহ্ন বসে।
ক কমা খ সেমিকোলন
গ হাইফেন ঘ কোলন

১৮. একটি আদর্শ বা সার্থক বাক্যের কয়টি গুণ থাকবে?
ক দুটি খ তিনটি
গ চারটি ঘ পাঁচটি

১৯. ভবিষ্যৎ কালের অনুজ্ঞা রয়েছে কোন বাক্যে?
ক আমাকে তুমি রক্ষা করো, প্রভু
খ মিথ্যা কথা বলো না
গ অসুস্থ হলে ওষুধ খাবে
ঘ আদেশ করুন জাহাপনা

২০. পৃথিবীতে কত হাজারের কাছাকাছি ভাষা প্রচলিত আছে?
ক দুই খ আড়াই
গ তিন ঘ সাড়ে তিন

উত্তরমালা																														
	১	খ	২		৩	গ	৪	ক	৫	ঘ	৬	খ	৭	গ	৮	খ	৯	গ	১০	ক	১১	খ	১২	ক	১৩	খ	১৪	ঘ	১৫	গ
	১৬	ঘ	১৭	ক	১৮	খ	১৯	গ	২০	ঘ																				